

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৪২৩(আগরতলা ১।১)

সার্বম, ১ জানুয়ারি, ২০২৪

**সার্বম মহকুমা ভিত্তিক নেতাজী জন্মজয়ন্তী**

**২১-২৪ জানুয়ারি পর্যন্ত বিভিন্ন কর্মসূচির আয়োজন**

সার্বম মহকুমা ভিত্তিক নেতাজী জন্মজয়ন্তী বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে আগামী ২১ জানুয়ারি থেকে চারদিনব্যাপী উদযাপন করা হবে। চলবে ২৪ জানুয়ারি পর্যন্ত। সার্বম মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয় এবং বটতলা গ্রাম পঞ্চায়েতের যৌথ উদ্যোগে ব্রজেন্দ্রনগর উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে নেতাজী জন্মজয়ন্তী উদযাপন কর্মসূচি আয়োজন করা হবে। এ উপলক্ষে সম্প্রতি সংশ্লিষ্ট বিদ্যালয়ে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। এতে উপস্থিত ছিলেন সাতচাঁদ পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান অনিল চন্দ্র মজুমদার, সার্বম মহকুমার মহকুমা শাসক শিবজ্যোতি দত্ত, সাতচাঁদ ব্লকের বিডিও অনুপম দাস সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ।

সভায় সিদ্ধান্ত হয় নেতাজী জন্মজয়ন্তী উদযাপন উপলক্ষে চারদিনব্যাপী পুষ্প ও কৃষি পণ্য প্রদর্শনী সহ রক্তদান শিবির, বিশিষ্ট ব্যক্তিদের সংবর্ধনা প্রদান, সাইকেল র্যালি, ম্যাজিক শো, দুঃস্থদের মধ্যে বস্তুদান, প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির এবং সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হবে। চারদিনব্যাপী অনুষ্ঠানগুলিকে সুন্দরভাবে পরিচালনার জন্য একটি প্রস্তুতি ও বিভিন্ন উপকমিটি গঠন করা হয়েছে।

\*\*\*\*\*